

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৬.২০২৩. ২২৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ খ্রি.
২৪ মে ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে গত ২২/০১/২০১৭ তারিখে সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুরে এবং গত ০৮/০৩/২০১৮ তারিখে আমলা সরকারি কলেজ, কুষ্টিয়া পদায়ন করা হলে উক্ত কলেজ দু'টিতে পদ শূন্য না থাকায় যোগদান করতে না পারায় বিষয়টি এ বিভাগকে অবহিত না করায় গত ১৪/১২/২০২০ তারিখে ব্যাখ্যা প্রদানের জন্য এবং ৩০/০৫/২০২১ তারিখে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তার বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান না করাসহ বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য পর্যালোচনায় দেখা যায় তাকে ২২/০১/২০১৭ তারিখে সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর এবং ০৮/০৩/২০১৮ তারিখে আমলা সরকারি কলেজ, কুষ্টিয়ায় পদায়ন করা হলেও পদ শূন্য না থাকায় তার যোগদান পত্র গৃহীত হয়নি। পদ শূন্য না থাকায় যোগদান করানো সম্ভব নয় মর্মে বর্ণিত কলেজদ্বয়ের অধ্যক্ষ প্রত্যয়ন রয়েছে। মন্ত্রণালয়ের ১৪/১২/২০২০ তারিখে এ বিষয়ে নোটিশের পরিপ্রেক্ষিতে তিনি ব্যাখ্যা (জবাব) প্রদান করেছেন। তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা চেয়েছেন। তার বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” হতে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ২২/০৫/২০২৩

(সোলেমান খান)


সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৬.২০২৩. ২২৭/৩৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ খ্রি.
২৪ মে ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. রওশানা পারভীন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। ড. রওশানা পারভীন (১০৬০৫), সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


(মোঃ শাহীনুর ইসলাম)
উপসচিব